



স্মারক নং ১৩.০১.২৯৬২.০০২.৫৭.০০৩.২৫.৪৭

তারিখ: ৩০/০১/২০২৫ খ্রি.

## খাদ্যবাহুব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্যবাহুব কর্মসূচির আওতায় ফরিদপুর জেলাধীন নগরকান্দা উপজেলায় ০৯টি ইউনিয়নে ২০(বিশ)টি বিক্রয়কেন্দ্রের বিপরীতে সরকার নির্ধারিত মূল্যে খাদ্যবাহুব কর্মসূচির আওতায় চাল বিক্রয় কার্যক্রম পরিচালনার জন্য শর্ত সাপেক্ষ প্রতি বিক্রয় কেন্দ্রে ০১(এক) জন করে মোট ২০(বিশ) জন খাদ্যবাহুব ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নিম্নোল্লিখিত বিক্রয়/বিতরণকেন্দ্রের বিপরীতে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ নির্ধারিত ফরমে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে।

ক্র. নং	ইউনিয়ন	বিক্রয়/বিতরণ কেন্দ্র	পদ সংখ্যা	ক্র. নং	ইউনিয়ন	বিক্রয়/বিতরণ কেন্দ্র	পদ সংখ্যা
১	চরযশোরদী	চাঁদহাট বাজার	১টি	৫	রামনগর	কুঞ্জনগর বাজার	১টি
		আশফরদী বাজার	১টি			কালিখোলা বাজার	১টি
		নিখোরহাট খেয়াঘাট	১টি	৬	কাইচাইল	ঝাটুরদিয়া বাজার	১টি
২	তালমা	তালমা বাজার	১টি	৭	কোদালিয়া শহীদনগর	পোড়াদিয়া বাজার	১টি
		তালমা মোড়	১টি			ছাগলদি বাজার	১টি
		রসুলপুর বাজার	১টি			কোদালিয়া শহীদনগর মোড়/বোর্ড অফিস	১টি
৩	লক্ষরদিয়া	লক্ষরদিয়া বাজার	১টি	৮	পুরাপাড়া	পুরাপাড়া বাজার	১টি
		বিনোকদিয়া বাজার	১টি			মেহেরদিয়া বাজার	১টি
৪	ডাঙ্গী	ভবুকদিয়া বাজার	১টি	৯	ফুলসুতি	ফুলসুতি বাজার	১টি
		শংকরপাশা বাজার	১টি			সলিখা বাজার	১টি

### আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে:

ক) পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি; খ) খাদ্যশস্য লাইসেন্স এর ফটোকপি; গ) ট্রেড লাইসেন্স এর ফটোকপি; ঘ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদপত্র; ঙ) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি; চ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ছ) নাগরিকত্ব সনদের ফটোকপি।

বি.দ্র: খাদ্যবাহুব ডিলারশিপ প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে; আবেদন ফরম উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর হতে সংগ্রহ করতে হবে।

### শর্তাবলী:

- সকল কাগজপত্র হালনাগাদ এবং ফটোকপি সমূহ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে;
- আবেদনপত্র মুখবন্ধ খামে নিম্নলিখিতকর্তার দপ্তরে আগামী ১৩/০২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে এবং খামের উপরে ইউনিয়নের নাম, বিক্রয়কেন্দ্রের নাম ও নিজ নাম, ঠিকানা লিখতে হবে;
- ডিলার নিয়োগকালে সকল কাগজপত্রের মূলকপি দাখিল করতে হবে যা পরবর্তীতে ফেরত দেয়া হবে;
- একজন আবেদনকারী শুধু একটি বিক্রয়কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন;
- একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে একাধিক যোগ্যতা সম্পন্ন আবেদন পাওয়া গেলে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীদের উপস্থিতিতে (যদি থাকেন) লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে। লটারির প্রয়োজন হলে লটারির তারিখ, সময় ও স্থান পরবর্তীতে অত্র দপ্তরের নোটিশ বোর্ডে ও ওয়েব সাইটের মাধ্যমে প্রকাশ করা হবে;
- খাদ্যবাহুব ডিলার হিসেবে আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামের মেঝে পাকাসহ কমপক্ষে ১৫.০০০(পনেরো) মে.টন খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে;
- আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্যের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;
- বর্তমানে নিয়োজিত ডিলারগণ খাদ্যবাহুব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন;
- আবেদনকারী যে কেন্দ্রের জন্য আবেদন করবেন সেই কেন্দ্রে নিজস্ব/ভাড়ায় দোকান ঘর থাকতে হবে;
- একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির জন্য এবং খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ও প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারি/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;
- নির্বাচিত ডিলারের নিকট থেকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে জমা নেয়া হবে এবং নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০/- টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা নেয়া হবে;
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- কর্তৃপক্ষ প্রয়োজনে অত্র ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৩০/০১/২০২৫

মোহাম্মদ আফজাল হোসেন  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অ:দা:)

ও

সদস্য সচিব  
উপজেলা খাদ্যবাহুব কমিটি  
নগরকান্দা, ফরিদপুর।

চলমান পাতা-২

স্মারক নং ১৩.০১.২৯৬২.০০২.৫৭.০০৩.২৫.৪৭( ১২)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। পরিচালক, প্রশাসন বিভাগ/সরবরাহ, বটন ও বিপণন বিভাগ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা;
- ৪। জেলা প্রশাসক, ফরিদপুর;
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর;
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর ও সভাপতি উপজেলা খাদ্যবাহক কমিটি;
- ৭। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, নগরকান্দা, ফরিদপুর;
- ৮। উপজেলা ..... কর্মকর্তা, নগরকান্দা, ফরিদপুর ও সদস্য উপজেলা খাদ্যবাহক কমিটি;
- ৯। সভাপতি, নগরকান্দা প্রেসক্রাব, ফরিদপুর;
- ১০। চেয়ারম্যান(সকল), ..... ইউনিয়ন ও সভাপতি ইউনিয়ন খাদ্যবাহক কমিটি, নগরকান্দা, ফরিদপুর  
(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড ও ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ);
- ১১। উপ-খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর। বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য বলা হলো;
- ১২। জনাব.....;
- ১৩। অফিস কপি।



উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
নগরকান্দা, ফরিদপুর।